# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট

Web: www.sylhetboard.gov.bd, E-mail: chairmanbisesyl@gmail.com


স্মারক নং ঃ সিশিবো/প্রশা/ব্যক্তিগত নথি/৩৩০

তারিখ ঃ ১৪ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
২৭ এপ্রিল ২০২২ খ্রি.

## অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ সাইফুল ইসলাম, সেকশন অফিসার, স্টোর (সাময়িক বরখাস্ত), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট-এর বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮' মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট-এর স্মারক নং: সিশিবো/প্রশা (ব্যক্তিগত নথি)/২৮৫৬, তারিখ: ১৭/১১/২০২১ অনুযায়ী ১ম কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়; এবং

০২। যেহেতু, আপনার উক্ত কারণ দর্শানোর জবাব সন্তোষজনক হয়নি তাই মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট - এর স্মারক নং : সিশিবো/প্রশা/ব্যক্তিগত নথি/২৯২১ ও ২৯২২, তারিখ : ০৮/১২/২০২১ মোতাবেক আপনার বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮' এর ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে অভিযুক্ত করে যথাক্রমে 'অভিযোগ বিবরণী' ও 'অভিযোগনামা' প্রণয়ন করা হয় এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) এর আওতায় কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশ দেয়া হয়; এবং

০৩। যেহেতু, আপনি কর্তৃক 'অভিযোগনামার' বিষয়ে প্রদত্ত জবাব সন্তোষজনক না হওয়ায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর স্মারক নং: সিশিবো/প্রশা/ব্যক্তিগত নথি/০০৫, তারিখ: ০৩/০১/২০২২ মোতাবেক 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৭ এর ২(ঘ) মোতাবেক তদন্ত বোর্ড গঠন করা হয়। ইতোমধ্যে তদন্ত বোর্ড আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত করে প্রতিবেদন দাখিল করেছেন; এবং

০৪। যেহেতু, তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' -এর অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) মোতাবেক আপনাকে 'অসদাচরণের' অভিযোগে দোষী সাব্যস্ত করা হয়েছে; এবং

০৫। যেহেতু, তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় কেন আপনাকে চাকুরী থেকে বরখাস্ত বা বিধিতে বর্ণিত অন্য কোন গুরুদন্ড প্রদান করা হবে না এ মর্মে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট-এর ৩১/০৩/২০২২ তারিখের সিশিবো/প্রশা/ব্যক্তিগত নথি/২৬১ স্মারকমূলে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৭(৯) মোতাবেক ২য় কারণ দর্শানোর নোটিশ আপনার বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা ও ই-মেইলে জারি করা হয় এবং বিগত ১২/০৪/২০২২ তারিখের স্বাক্ষরে আপনি নোটিশের লিখিত জবাব দাখিল করেন; এবং

০৬। যেহেতু, আপনার দাখিলকৃত ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব সন্তোষজনক বলে বিবেচিত হয়নি তাই তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট রেকর্ডসমূহ পর্যালোচনায় আপনার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

চলমান

০৭। সেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং আনুষঙ্গিক অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) মোতাবেক গুরুদন্ডের আওতায় আপনাকে আদেশ জারির তারিখ থেকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর "চাকুরী থেকে বরখাস্ত (Dismissal from service)" করা হলো।

আপনার নিকট মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেটের প্রাপ্য পাওনাদি (যদি থাকে) সংশ্লিষ্ট বিধি মোতাবেক নিষ্পত্তি করা হবে।

২৭/০৪/২০২২

(প্রফেসর ড. রমা বিজয় সরকার)
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

জনাব মোঃ সাইফুল ইসলাম
সেকশন অফিসার, স্টোর (সাময়িক বরখাস্ত)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ কালাপুর, ডাকঃ সাটিয়াজুরী
উপজেলাঃ চুনারুঘাট, জেলাঃ হবিগঞ্জ।
ই-মেইল: saifulazad015@ yahoo.com

স্মারক নং ঃ সিশিবো/প্রশা/ব্যক্তিগত নথি/৩৩০ (৬)

তারিখ ঃ <u>১৪ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ</u>
২৭ এপ্রিল ২০২২ খ্রি.

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (সরকারি মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি ও চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৬। সংরক্ষণ নথি।

২৭/০৪/২০২২

(প্রফেসর মোঃ কবির আহমদ)
সচিব
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।